# রপ্তানি উন্নয়ন ব্যুরো

## পেনশন তহবিল

নিরীক্ষা প্রতিবেদন এবং আর্থিক বিবরণী

৩০শে জুন, ২০২২ইং তারিখে সমাপ্ত বছরের জন্য।

CamScanner

Khan Wahab Shafique Rahman & Co.
CHARTERED ACCOUNTANTS
SINCE 1968
KWSR
A member of
mgiworldwide
A Top 20 ranked international network and association of independent audit, tax, accounting and consulting firms

**নিরীক্ষকের নিরপেক্ষ প্রতিবেদন**
**বরাবর পরিচালনা কর্তৃপক্ষ**

**রপ্তানি উন্নয়ন ব্যুরো পেনশন তহবিল**

**নিরীক্ষিত আর্থিক বিবরণীসমূহের প্রতিবেদন**

**শর্তযুক্ত মতামত (Qualified Opinion) ঃ**

আমরা " রপ্তানি উন্নয়ন ব্যুরো পেনশন তহবিল" এর আর্থিক বিবরণী যা ৩০ শে জুন, ২০২২ ইং তারিখের উদ্বৃত্ত পত্র এবং উক্ত সমাপ্ত বছরের আয়-ব্যয় হিসাব বিবরণী, প্রাপ্তি-প্রদান হিসাব বিবরণী, আর্থিক বিবরণীসমূহের টীকাসমূহ এবং হিসাব-বিজ্ঞান নীতিমালার আলোকে নিরীক্ষা করেছি।

আমাদের মতামত এই যে, আমাদের নিরীক্ষা প্রতিবেদনে বর্ণিত *শর্তযুক্ত মতামতের ভিত্তি* অনুচ্ছেদে বিষয়সমূহের প্রভাব ব্যতীত, আনুষঙ্গিক আর্থিক বিবরণীর সামগ্রিক গুরুত্বপূর্ণ বিষয়সমূহসহ, প্রতিষ্ঠানটির ৩০ শে জুন, ২০২২ ইং তারিখে আর্থিক বিবরণী, এবং ইহার সমাপ্ত বছরের আর্থিক আয়-ব্যয়ের প্রতিফলন এবং ইহার প্রাপ্তি-প্রদান প্রবাহ প্রযোজ্য আইন ও বিধিমালা অনুযায়ী যথাযথভাবে প্রতিফলিত হয়েছে।

**শর্তযুক্ত মতামতের ভিত্তি ঃ**

এই প্রতিষ্ঠানের কোন TIN Certificate নাই। কিন্তু চলতি হিসাব বর্ষে রপ্তানি উন্নয়ন ব্যুরো পেনশন তহবিলের বিনিয়োগকৃত অর্থ থেকে ৪৯,৩২৬,৯৯৩ টাকা আয় হয়েছে এবং উক্ত আয় থেকে সর্বমোট ৪,১১৬,৫৭১ টাকা কর কর্তন কারা হয়েছে। যা সাধারণত Advance Tax at source হিসেবে বিবেচিত হয়। পরবর্তীতে উক্ত অর্থ আয় করের সঙ্গে সমন্বয় করা হয়। এ ক্ষেত্রে কর্তনকৃত ৪,১১৬,৫৭১ টাকা পরবর্তীতে আয় ব্যায় হিসেবে খরচ হিসাবে দেখানো হয়েছে যা হিসাবের নিয়মের পরিপন্থী।যদি এই আয় কর যুক্ত হয় তাহলে তার স্বপক্ষে কোন কাগজ পত্র প্রদর্শন করা হয়নি। যদি কর মুক্ত হয়ে থাবে তবে NRB থেকে Exemption Certificate সংগ্রহ করা নিরাপদ।

রপ্তানি উন্নয়ন ব্যুরো পেনশন তহবিল ৩০ শে জুন, ২০২২ সালের উদ্বৃত্তপত্রে প্রারম্ভিক ব্যালেন্স ৩০ শে জুন, ২০২১ সালের সমাপ্ত বছরের ব্যালেন্স নিয়ে করা হয়েছে যা অনিরীক্ষিত ।

আমরা প্রবাহ প্রযোজ্য আইন ও বিধিমালা অনুযায়ী আমাদের নিরীক্ষা কার্য পরিচালনা করেছি। আমাদের দায়-দায়িত্ব সেই নীতিমালার অধীনে যা আমাদের প্রতিবেদনে "আর্থিক বিবরণী নিরীক্ষার জন্যে নিরীক্ষকের দায়িত্ব" অনুচ্ছেদে আরো অধিকতর বর্ণিত হয়েছে। আমরা হিসাববিদদের জন্য আন্তর্জাতিক নৈতিক নীতিমালার বোর্ড - *পেশাগত* হিসাববিদদের *জন্য নৈতিকতার কোড (আই.ই.এস.বি.এ. কোড)* প্রকাশ করেছে সেই অনুযায়ী আমরা স্বাধীন যা আমাদের নিরীক্ষা *বিচার-বিবেচনার* সাথে সম্পৃক্ত এবং আমরা অন্যান্য নৈতিক দায়িত্বসমূহ ঐ প্রয়োজনীয়তা ও আই.ই.এস.বি.এ. কোড অনুযায়ী পূরণ করেছি। আমরা বিশ্বাস করি যে, আমরা নিরীক্ষার প্রমাণপত্রসমূহ যা সংগ্রহ করেছি তা আমাদের শর্তযুক্ত মতামতের ভিত্তি প্রদান করার জন্য যথেষ্ঠ ও উপযুক্ত।

**আর্থিক বিবরণীতে ব্যবস্থাপনা ও পরিচালনার দায়িত্বে নিয়োজিত কর্তৃপক্ষের দায়-দায়িত্ব ঃ**

রপ্তানি উন্নয়ন ব্যুরো পেনশন তহবিল কর্তৃপক্ষের দায়িত্ব হল আই.এফ.আর.এস., এবং অন্যান্য প্রযোজ্য আইন ও বিধিমালা অনুযায়ী আর্থিক বিবরণীসমূহ তৈরি ও সঠিকভাবে উপস্থাপন করা, এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষের এমন অভ্যন্তরীন নিয়ন্ত্রণ ব্যবস্থা নির্ধারণ করা প্রয়োজন যেন আর্থিক বিবরণীসমূহ প্রস্তত করতে সক্ষম যা প্রতারণা-জালিয়াতি এবং অন্যান্য ত্রুটি-বিচ্যুতি হতে মুক্ত।

Khan Wahab Shafique Rahman Chartered Accountants

HEAD OFFICE : RUPALI BIMA BHABAN, 7, RAJUK AVENUE (5TH & 6TH FLOOR), MOTIJHEEL, DHAKA-1000, Tel: 47122785, 223385136, 47122824
FAX: 880-2-47122824, E-mail: info@kwsrbd.com, kwsr@dhaka.net, Web: www.kwsrbd.com
BRANCH OFFICE : FARUK CHAMBER (9TH FLOOR), 1403 SK. MUJIB ROAD, AGRABAD C/A, DOUBLE MOORING, CHATTOGRAM, BANGLADESH
Tel : 02333320056 E-mail: kwsrctg@gmail.com

CamScanner

আর্থিক বিবরণী প্রস্তুত করার ক্ষেত্রে, ব্যবস্থাপনা কর্তৃপক্ষের আরো দায়িত্ব হচ্ছে রপ্তানি উন্নয়ন ব্যুরো পেনশন তহবিল পরিচালনার ক্ষেত্রে চলমান নীতির সক্ষমতা মূল্যায়ন করা, প্রকাশ করা, প্রযোজ্য চলমান নীতির সাথে সম্পর্কিত বিষয়সমূহ এবং হিসাববিজ্ঞানের চলমান নীতি ব্যবহার করা, যদি তা না করা হয়, তবে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ রপ্তানি উন্নয়ন ব্যুরো পেনশন তহবিল বিলোপসাধনের চিন্তা করা অথবা পরিচালনা বন্ধ করা এ দুটির যে কোন একটির বিকল্প নেই।

পরিচালনার দায়িত্বে নিয়োজিত কর্তৃপক্ষের দায়িত্ব হল রপ্তানি উন্নয়ন ব্যুরো পেনশন তহবিল আর্থিক প্রতিবেদন প্রক্রিয়া তদারকি করা।

**আর্থিক বিবরণী নিরীক্ষার জন্যে নিরীক্ষকের দায়-দায়িত্ব ঃ**

আমাদের উদ্দেশ্যসমূহ হল যুক্তিসঙ্গত আশ্বস্ততা অর্জন করা যেন আর্থিক বিবরণীসমূহ সামগ্রিকভাবে প্রতারণা-জালিয়াতি এবং ভূল-ত্রুটির কারণে গুরুত্বপূর্ণ ত্রুটি উপস্থাপনা হতে মুক্ত, এবং নিরীক্ষকের প্রতিবেদন প্রকাশ করা যাতে আমাদের মতামত অর্ন্তভূক্ত রয়েছে।
যুক্তিসঙ্গত আশ্বস্ততা হল একটি উচ্চ মাত্রার আশ্বস্ততা, কিন্তু তা নিশ্চয়তা নয় যা আই.এস.এ. অনুযায়ী নিরীক্ষা পরিচালনায় গুরুত্বপূর্ণ ভূল উপস্থাপনা সনাক্ত করবে যখন ইহা বিদ্যমান। ভূল উপস্থাপনাসমূহ আবির্ভূত হতে পারে প্রতারণা-জালিয়াতি ও ভূল-ত্রুটি হতে এবং তা বিবেচনা করা হয় পৃথকভাবে অথবা সামগ্রিকভাবে এবং যুক্তিসঙ্গতভাবে ঐ আর্থিক বিবরণীসমূহের উপর ভিত্তি করে ব্যবহারকারীগণের অর্থনৈতিক সিদ্ধান্ত গ্রহনে প্রভাবিত করার প্রত্যাশা রাখতে পারে। আই.এস.এ. অনুযায়ী নিরীক্ষার অংশ হিসাবে, আমরা পেশাগত সিদ্ধান্ত চর্চা করে থাকি এবং সামগ্রিক নিরীক্ষায় পেশাগত দক্ষতা বজায় রাখি।

আমরা আরো ঃ

- আর্থিক বিবরণীসমূহের গুরুত্বপূর্ণ ভূল উপস্থাপনার ঝুঁকি চিহ্নিত এবং মুল্যায়ন করে থাকি, যদি কোন প্রতারণা-জালিয়াতি ও ভূল-ত্রুটির কারণে ঘটে থাকে, ঐ ঝুঁকিসমূহের প্রতিক্রিয়ায় নিরীক্ষা প্রক্রিয়ার পরিকল্পনা ও কার্য-সম্পাদন করে থাকি, এবং সংগৃহীত নিরীক্ষা প্রমাণপত্র যা আমাদের মতামতের জন্য ভিত্তি প্রদান করতে যথেষ্ঠ ও উপযুক্ত। প্রতারনা-জালিয়াতির ফলে গুরুত্বপূর্ণ ভূল উপস্থাপনা সনাক্ত না করার ঝুঁকি ভূল-ত্রুটি হতে প্রাপ্ত ফলাফলের চেয়ে অধিক। প্রতারনা-জালিয়াতি হচ্ছে গোপন চুক্তি, জুয়াচুরি, ইচ্ছাকৃত বাদ দেওয়া, ভূল উপস্থাপনাসমূহ, অথবা অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার বাস্তবায়ন না করার সাথে জড়িত হতে পারে।

- নিরীক্ষা প্রক্রিয়ার পরিকল্পনা করার জন্য নিরীক্ষা সম্পর্কিত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার ধারণা অর্জন করি যা ঐ পরিস্থিতিতে উপযুক্ত। কিন্তু প্রতিষ্ঠানটির অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার কার্যকারিতার উপর মতামত প্রকাশ করা আমাদের উদ্দেশ্য নয়।

- ব্যবহৃত হিসাব-বিজ্ঞান নীতিমালাসমূহের উপযুক্ততা এবং হিসাব-বিজ্ঞান অনুমানসমূহের যুক্তিযুক্ততা এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত সংশ্লিষ্ট ব্যাখ্যাসমূহ মূল্যায়ন করে থাকি। ব্যবস্থাপনা কর্তৃপক্ষের ব্যবহৃত হিসাব-বিজ্ঞানের চলমান নীতির উপর ভিত্তি করে সঠিক সিদ্ধান্তে পৌছায় এবং, সংগৃহীত নিরীক্ষা প্রমাণপত্রের ভিত্তিতে, যদি কোন ঘটনা বা শর্তাবলিসমূহের সাথে সম্পৃক্ত গুরুত্বপূর্ণ অনিশ্চয়তা বিদ্যমান থাকে, যা প্রতিষ্ঠানটির চলমান-প্রতিষ্ঠান হিসেবে চলার সক্ষমতার উপর গুরুত্বপূর্ণ সন্দেহ হতে পারে। যদি কোন গুরুত্বপূর্ণ অনিশ্চয়তা বিদ্যমান থাকে, তবে আমরা সিদ্ধান্তে পৌছায় যে, আমরা আমাদের নিরীক্ষা প্রতিবেদনে সংশ্লিষ্ট ব্যাখ্যাসমূহসহ আর্থিক বিবরণীতে মনোযোগ আর্কষণ করার প্রয়োজন মনে করি থাকি অথবা, যদি এমন ব্যাখ্যাসমূহ অপর্যাপ্ত হয়, তবে আমাদের মতামত পরিবর্তন হতে পারে। আমাদের নিরীক্ষা প্রতিবেদনের তারিখ পর্যন্ত সংগৃহীত নিরীক্ষা প্রমাণপত্রসমূহের উপর ভিত্তি করে আমরা আমাদের সিদ্ধান্ত প্রদান করে থাকি । যাইহোক, ভবিষ্যৎ ঘটনাসমূহ বা শর্তাবলিসমূহের কারণে প্রতিষ্ঠানটির চলমান নীতি বন্ধ হতে পারে।

- ব্যাখ্যাসমূহসহ, সামগ্রিক উপস্থাপনা, আর্থিক বিবরণীসমূহের কাঠামো এবং বিষয়বস্তু মূল্যায়ন করে থাকি, এবং আর্থিক বিবরণীসমূহে অর্ন্তনিহিত লেনদেনসমূহ ও ঘটনাসমূহ উপস্থাপন করি যা সঠিক উপস্থাপনা অর্জন করে থাকে।

KHAN WAHAB SHAFIQUE RAHMAN & CO. Chartered Accountants



CamScanner

অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়সমূহ, নিরীক্ষার পরিকল্পিত পরিধি ও সময়, গুরুত্বপূর্ণ নিরীক্ষা পর্যবেক্ষনসমূহ এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থায় কোন গুরুত্বপূর্ণ অসংঙ্গতির ব্যাপারে আমরা পরিচালনার দায়িত্বে নিয়োজিত কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করেছি যা আমরা আমাদের নিরীক্ষা চলাকালীন সময়ে চিহ্নিত হয়েছিল।

আমরা আরো প্রত্যয়ন করছি যে,

(ক) আমাদের সর্বোত্তম জ্ঞান ও বিশ্বাস মতে যে সমস্ত তথ্য ও ব্যাখ্যা আমাদের পরীক্ষার জন্য প্রয়োজনীয় ছিল ঐ সমস্ত তথ্য এবং ব্যাখ্যা আমরা পেয়েছি ;

(খ) আমাদের মতে এই আইনের বিধান অনুযায়ী প্রয়োজনীয় হিসাব-বহি সঠিকভাবে রাখা হয়েছে; এবং

(গ) প্রতিবেদনে বিবেচিত প্রতিষ্ঠানটির উদ্বৃত্ত পত্র এবং আয়-ব্যয় হিসাবের সহিত উক্ত প্রতিষ্ঠানটির হিসাব-বহি এবং বিবরণীর সমস্ত তথ্য পেয়েছি ।

তারিখ, ঢাকা 13 NOV 2023

খান ওহাব শফিক রহমান এন্ড কোং
চার্টার্ড একাউন্ট্যান্টস্
স্বাক্ষর: মোঃ আবু সিনা এফসিএ
সিনিয়র পার্টনার
এনরোলমেন্ট নংঃ ৬১৯
ফার্ম রেজিস্ট্রেশন নংঃ ১১৯৭০ ই.পি.
ডিভিসি:
2311130619AS203677

KHAN WAHAB SHAFIQUE RAHMAN & CO.
Chartered Accountants



CamScanner

রপ্তানি উন্নয়ন ব্যুরো
পেনশন তহবিল
উদ্বৃত্তপত্র
৩০ শে জুন, ২০২২ ইং তারিখের

| বিবরণ | টীকা | পরিমাণ (টাকা) ৩০.০৬.২০২২ |
|---|---|---|
| **সম্পদ ও সম্পত্তিঃ** | | |
| **দীর্ঘমেয়াদী বিনিয়োগঃ** | | |
| স্থায়ী আমানত(এফডিআর) | ৩.০০ | ৮৫৯,৪১৫,৩১২ |
| **চলতি সম্পদঃ** | | |
| ব্যাংক ব্যালেন্স | ৪.০০ | ৫০,৮৬৬,৬০৫ |
| মোট সম্পদ | | ৯১০,২৮১,৯১৭ |
| **মূলধন তহবিল ও দায়ঃ** | | |
| পেনশন ও আনুতোষিক তহবিল | ৫.০০ | ৯১০,২৮১,৯১৭ |
| মোট মূলধন ও দায় | | ৯১০,২৮১,৯১৭ |

সংযুক্ত টীকা এবং সংযুক্তি এই আর্থিক প্রতিবেদনসমূহের অবিচ্ছেদ্য অংশ ।

উপ-পরিচালক (অর্থ)

হিসাবরক্ষন কর্মকর্তা

একই তারিখে আমাদের নিরীক্ষা প্রতিবেদন স্বাক্ষর স্বাপেক্ষে

তারিখ, ঢাকা 13 NOV 2023

খান ওহাব শফিক রহমান এন্ড কোং
চার্টার্ড একাউন্ট্যান্টস্
স্বাক্ষর: মোঃ আবু সিনা এফসিএ
সিনিয়র পার্টনার
এনরোলমেন্ট নংঃ ৬১৯
ফার্ম রেজিস্ট্রেশন নংঃ ১১৯৭০ ই.পি.
ডিভিসি: 2311130619AS203677

KHAN WAHAB SHAFIQUE RAHMAN & CO.
Chartered Accountants

রপ্তানি উন্নয়ন ব্যুরো

পেনশন তহবিল

আয় ও ব্যয় হিসাব বিবরণী

১ জুলাই, ২০২১ ইং তারিখ হইতে ৩০ জুন, ২০২২ ইং তারিখ সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টীকা | পরিমাণ (টাকা) ২০২১-২০২২ |
|---|---|---|
| **আয় সমূহঃ** | | |
| স্থায়ী আমানতের উপর সুদ | ৩.০০ | ৪৯,৩২৬,৯৯৩ |
| ব্যাংক সুদ | | ৩৭৫,১৭১ |
| বিবিধ | | - |
| **মোট আয়** | | ৪৯,৭০২,১৬৪ |
| **ব্যয় সমূহঃ** | | |
| ব্যাংক কমিশন | | ১০১,১৪৩ |
| স্থায়ী আমানতের উপর কর ও শুল্ক | ৩.০০ | ৪,৪৯৬,৫৭১ |
| **মোট ব্যয়** | | ৪,৫৯৭,৭১৪ |
| (আয় অতিরিক্ত ব্যয়) /ব্যয় অতিরিক্ত আয় | | ৪৫,১০৪,৪৫০ |

সংযুক্ত টীকা এবং সংযুক্তি এই আর্থিক প্রতিবেদনসমূহের অবিচ্ছেদ্য অংশ ।

উপ-পরিচালক (অর্থ)

হিসাবরক্ষন কর্মকর্তা

একই তারিখে আমাদের নিরীক্ষা প্রতিবেদন স্বাক্ষর স্বাপেক্ষে

তারিখ, ঢাকা 13 NOV 2023

খান ওহাব শফিক রহমান এন্ড কোং

চার্টার্ড একাউন্ট্যান্টস্

স্বাক্ষর: মোঃ আবু সিনা এফসিএ

সিনিয়র পার্টনার

এনরোলমেন্ট নংঃ ৬১৯

ফার্ম রেজিস্ট্রেশন নংঃ ১১৯৭০ ই.পি.

ডিভিসি: 2311130619AS203677

KHAN WAHAB SHAFIQUE RAHMAN & Co. Chartered Accountants

রপ্তানি উন্নয়ন ব্যুরো

পেনশন তহবিল

প্রাপ্তি ও পরিশোধ হিসাব বিবরণী

১ জুলাই, ২০২১ ইং তারিখ হইতে ৩০ জুন, ২০২২ ইং তারিখ সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | পরিমাণ (টাকা) | |
|---|---|---|
| | | ২০২১-২০২২ |
| প্রারম্ভিক উদ্বৃত্ত স্থিতি | | ২২,১০৬,৭৬১ |
| অন্যান্য প্রাপ্তি ঃ | | ১৩২,৪৭১,৫২৭ |
| ব্যাংক সুদ | ৩৭৫,১৭১ | |
| স্থায়ী আমানত নগদায়ন | ১৩২,০৯৬,৩৫৬ | |
| সর্বমোট | | ১৫৪,৫৭৮,২৮৮ |
| পরিশোধ ঃ | | ১০৩,৭১১,৬৮৩ |
| এককালিন আনুতোষিক | ৮৯,০২৩,৩৭০ | |
| মাসিক পেনশন | ১৪,৫৮৭,১৭০ | |
| ব্যাংক কমিশন | ১০১,১৪৩ | |
| সমাপনী উদ্বৃত্তঃ | | |
| ব্যাংক জমা (৩০.০৬.২০২২) | | ৫০,৮৬৬,৬০৫ |
| সর্বমোট | | ১৫৪,৫৭৮,২৮৮ |

উপ-পরিচালক (অর্থ)

হিসাবরক্ষন কর্মকর্তা

CamScanner

রপ্তানি উন্নয়ন ব্যুরো
পেনশন তহবিল
আর্থিক বিবরণীর টীকাসমূহ
১ জুলাই, ২০২১ ইং তারিখ হইতে ৩০ জুন, ২০২২ ইং তারিখ সমাপ্ত বছরের জন্য

১.০০ রপ্তানি উন্নয়ন ব্যুরোর ভূমিকা/প্রতিষ্ঠা ঃ

০১. রপ্তানি উন্নয়ন ব্যুরো বাণিজ্য মন্ত্রণালয়াধীণ একটি সংবিধিবদ্ধ সংস্থা হিসেবে রপ্তানি উন্নয়ন ব্যুরো অর্ডিনেন্স, ১৯৭৭ যা পরবর্তীতে সরকার প্রণীত 'রপ্তানি উন্নয়ন ব্যুরো আইন, ২০১৫ দ্বারা প্রতিষ্ঠিত ও পরিচালিত। রপ্তানি উন্নয়ন ব্যুরো আইন, ২০১৫-এর ১০ ধারা অনুযায়ী অনুদান ও অন্যান্য উৎস হতে তহবিল সংগ্রহ, তহবিল পরিচালনা এবং আইনের অধীন সম্পাদিত কোন কার্য সংক্রান্ত ব্যয়সহ অন্যান্য সকল দায় উক্ত তহবিল হতে নির্বাহের ক্ষমতা প্রদান করা হয়েছে । সরকারের নিয়ম-নীতি ও বিধি-বিধানের আলোকে উক্ত আইনে বিধি সম্মত যাবতীয় ব্যয় নির্বাহের ক্ষমতা রপ্তানি উন্নয়ন ব্যুরোকে প্রদান করা হয়েছে। বর্ণিত অর্ডিনেন্স রহিত করে ২০১৫ সালে রপ্তানি উন্নয়ন ব্যুরো আইন, ২০১৫ প্রণয়ন করা হয় । অর্ডিনেন্স রহিত হওয়া সত্ত্বেও রপ্তানি উন্নয়ন ব্যুরো আইন, ২০১৫ এর ২১(২) অনুচ্ছেদের বিধানে অর্ডিনেন্স এর আওতায় জারিকৃত সকল রুল, রেগুলেশন, নোটিফিকেশন ইত্যাদি বলবত রাখা হয়েছে। রপ্তানি উন্নয়ন ব্যুরো আইন, ২০১৫-এ প্রদত্ত ক্ষমতাবলে রপ্তানি উন্নয়ন ব্যুরোর Contributory Provident Fund Regulation বিলুপ্ত করে সরকারের পূর্বানুমতিক্রমে স্ব-অর্থায়নে পেনশন ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে।

০২. রপ্তানি উন্নয়ন ব্যুরো অর্ডিনেন্স, ১৯৭৭-এর সেকশন ২০-এ প্রদত্ত ক্ষমতা বলে প্রণয়নকৃত Export Promotion Bureau Emplozees' Contributory Provident Fund Regulations, ১৯৮৩-এর মাধ্যমে সিপিএফ তহবিল এবং Export Promotion Bureau Emplozees' Gratuitz Regulations, ১৯৮৩-এর ভিত্তিতে আনুতোষিক তহবিল গঠনের মাধ্যমে সংস্থার অবসর ভাতা ও অবসর সুবিধা প্রদান করা হতো। এছাড়া অবসর গ্রহণ সুবিধা হিসেবে ছুটি নগদায়নের সুযোগ বিদ্যমান ছিল। বিধান অনুযায়ী ছুটি নগদায়ন সুবিধা রপ্তানি উন্নয়ন ব্যুরোর প্রশাসনিক তহবিল হতে বহন করা হয়ে থাকে। সংস্থার কর্মচারীবৃন্দের কন্ট্রিবিউটরী প্রভিডেন্ট তহবিলে কর্মচারীবৃন্দের কন্ট্রিবিউশন-এর অর্থ জেনারেল প্রভিডেন্ট তহবিলে (জিপিএফ) রূপান্তরিত হবে। স্ব-স্ব জিপিএফ হিসেবে কর্মচারীদের মাসিক চাঁদা এবং তহবিল বিনিয়োগের মাধ্যমে অর্জিত লভ্যাংশ দ্বারা জিপিএফ পরিচালনা করার বিধান রাখা হয়েছে। জিপিএফ-এর মুনাফায় ঘাটতি দায় পেনশন তহবিল থেকে বহনেরও বিধান রাখা হয়েছে।

০৩. রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্মচারী চাকুরী প্রবিধামালা, ১৯৯১-এর ৪৮(২) ও ৪৮(৩) বিধানদ্বয়ে কর্মচারীর প্রদেয় ভবিষ্য তহবিলে সংস্থার প্রদানকৃত চাঁদার অংশ সংস্থার নিকট সমর্পণ করলে সংশি-ষ্ট কর্মচারী সরকারি কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধি অনুযায়ী অবসর ভাতা ও অন্যান্য অবসর গ্রহণ সুবিধাদি পাইতে পারেন। রপ্তানি উন্নয়ন ব্যুরোর প্রবিধানে প্রদত্ত এ সুবিধা অনুযায়ী ব্যুরোর কর্মকর্তা-কর্মচারীগণ সংস্থার সিপিএফ এবং আনুতোষিক সুবিধার পরিবর্তে কন্ট্রিবিউটরী প্রভিডেন্ট তহবিলে সংস্থার অংশ সংস্থায় সমর্পণপূর্বক সরকারি কর্মচারীর ন্যায় পেনশন সুবিধা প্রদানের সুযোগ দেয়া হয়েছে।

০৪. রপ্তানি উন্নয়ন ব্যুরো প্রেষণে নিয়োজিত এবং সংস্থার নিজস্ব জনবল দ্বারা এটি পরিচালিত। সংস্থায় প্রেষণে কমব্রত ও নিজস্ব জনবলে সুযোগ-সুবিধার পার্থক্য বিদ্যমান। বিশেষ করে অবসরকালীন সুযোগ-সুবিধার পার্থক্য অনেক বেশী। কর্ম জীবনের পরবর্তী বার্ধক্যকালীন সময়ে মানুষের স্বাভাবিক আকাংখা নিরাপদ জীবন। সাধারণত: চাকুরিজীবীদের অবসরকালীন সুবিধা এ আকাংখা পূরণ করে থাকে। ভবিষ্যৎ নিরাপদ অবস্থা অত্র সংস্থার কর্মস্পৃহাকে বৃদ্ধি করা একটি স্বাভাবিক বিষয় যা সংস্থা তথা দেশের সার্বিক রপ্তানি উন্নয়নে মূল্য সংযোজন করবে। বিষয়টি বিবেচনা করে রপ্তানি উন্নয়ন ব্যুরোর ব্যবস্থাপনা পরিষদ কর্তৃক ব্যুরোতে স্ব-অর্থায়নে পেনশন স্কীম প্রবর্তনের বিষয়ে সংশি-ষ্ট কর্তৃপক্ষ হতে প্রয়োজনীয় অনুমোদন গ্রহণের পর তা বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ প্রেক্ষিতে রপ্তানি উন্নয়ন ব্যুরোতে স্ব-অর্থায়নে পেনশন স্কীম প্রবর্তন সংক্রান্ত প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয় তথা বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক বিবেচনাপূর্বক অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। রপ্তানি উন্নয়ন ব্যুরোর নিজস্ব আয় দ্বারা সাংগঠনিক কাঠামোভুক্ত নিজস্ব কর্মচারীদের জন্য ২০১৭-২০১৮ অর্থ বছর হতে পেনশন স্কিম প্রবর্তনে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়।

KHAN WAHAB SHAFIQUE RAHMAN & CO. Chartered Accountants



CamScanner

০৫. পেনশন, আনুতোষিক ও জিপিএফ পেনশন তহবিলের দায়। দায় বিবেচনায় ব্যুরোর সিপিএফ ও আনুতোষিক তহবিলের স্থিতি, আনুতোষিক হিসেবে প্রতি কর্মচারীকে বছরান্তে সংস্থা কর্তৃক দেয় অর্থ, বিদ্যমান সিপিএফ-এ সংস্থার অংশ, তহবিল বিনিয়োগ এবং সংস্থার অনুদানের সমন্বয়ে ব্যুরোর পেনসন স্কীম তহবিল গঠন করা হয়। পেনসন স্কীম তহবিলের অর্থ পৃথক হিসাবে ব্যাংকে সংরক্ষণ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ এবং অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ব্যুরোতে বিদ্যমান এ সংক্রান্ত তহবিলের উপর চার্টার্ড এ্যাকাউন্ট্যান্ট ফার্ম কর্তৃক অডিট ও এ্যাকচুয়ারিয়াল ফার্ম কর্তৃক এ্যাকচুয়ারিয়াল ভ্যালুয়েশন সম্পন্নকরণসহ স্ব-অর্থায়নে পেনশন স্কীম প্রবর্তনের ক্ষেত্রে প্রয়োজনীয় সকল শর্তাদি পূরণ করা হয়। পেনসন স্কীম তহবিলের বিনিয়োগ পরিকল্পনা, চার্টার্ড এ্যাকাউন্ট্যান্ট ফার্ম ও এ্যাকচুয়ারিয়াল ফার্মের ভ্যালুয়েশন রিপোর্টের গুরুত্বপূর্ণ বিষয়াদি তুলে ধরে প্রশাসনিক মন্ত্রণালয় তথা বানিজ্য মন্ত্রনালয় ব্যুরোতে স্ব-অর্থায়নে পেনশন স্কীম প্রবর্তন সংক্রান্ত একটি পুনাঙ্গ প্রস্তাব অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

০৬. আগামী ২০ বছর যাবত পেনশন দায় প্রাক্কলনপূর্বক রপ্তানি উন্নয়ন ব্যুরোর পেনশন স্কীম-এর তহবিল টাঃ ৮৮.৯২ কোটি-এ উন্নিত করা হয়। এ্যাকচুয়ারিয়াল ভ্যালুয়েশন প্রতিবেদনে প্রস্তাবিত পেনশনের জন্য সংরক্ষিত তহবিল এবং সম্পদের ভবিষ্যৎ বৃদ্ধি সন্তোষজনক ও স্বচ্ছল হিসেবে উলে-খ করা হয়।

০৭. রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯১-এর ৪৮(৩) অনুযায়ী সিপিএফ তহবিলে সংস্থার প্রদানকৃত অংশ সংস্থায় সমর্পণ করে পেনশন স্কীম প্রবর্তনের প্রস্তাব করা হচ্ছে। উক্ত প্রবিধানমালার ৪৮(২) প্রবিধি অনুযায়ী সরকারি কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধি অনুযায়ী অবসর ভাতা ও অবসর সুবিধা প্রাপ্তির লক্ষ্যে সরকারি পেনশনের বিধিবিধান গ্রহণপূর্বক (adopt) রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্মচারী (অবসর ভাতা,অবসরজনিত সুবিধা ও সাধারণ ভবিষ্য তহবিল) প্রবিধানমালা প্রণয়ন করা হয়েছে যা আইনানুগভাবে সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে । প্রবিধানমালা কোন বিধানের সাথে সরকারি পেনশন বিধি-বিধানের সামঞ্জস্যহীনতা দেখা দিলে সরকারি পেনশনের বিধি-বিধান প্রযোজ্য হওয়ার বিধান রাখা হয়েছে। অবসর ভাতা,অবসরজনিত সুবিধা ও সাধারণ ভবিষ্য তহবিল ব্যবস্থাপনার জন্য একজন কল্যাণ কর্মকর্তাসহ ০৯ সদস্য বিশিষ্ট অবসর ভাতা ও অবসর গ্রহণ সুবিধা তহবিল ব্যবস্থাপনা ট্রাষ্টি বোর্ড গঠন করা হয়েছে।

০৮. তহবিলের অর্থ শুধুমাত্র অবসর ভাতা ও অবসরজনিত সুবিধা প্রদানের উদ্দেশ্যে ব্যয় করা হবে। তহবিলের আয় ও ব্যয়ের বিবরণ ব্যুরোর অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা, মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক কার্যালয়ের অধীন বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক নিরীক্ষিত হবে। প্রতি আর্থিক বছর তহবিলের আয় ও ব্যয় এবং উদ্বৃত্তপত্র একটি স্বতন্ত্র বহিঃনিরীক্ষা ফার্ম দ্বারা নিরীক্ষত হবে। তহবিলের যথাযথ ব্যয় এবং বিনিয়োগ বাবদ আয় প্রবাহ ঠিক রাখার স্বার্থে প্রবিধান অনুযায়ী প্রতিবছর নিরীক্ষা সম্পাদন করা জরুরি।

০৯. রপ্তানি উন্নয়ন ব্যুরো দেশের রপ্তানি উন্নয়নে একমাত্র জাতীয় প্রতিষ্ঠান। দেশের গুরুত্বপূর্ণ বস্ত্রখাতসহ অপ্রচলিত ও প্রচলিত সকল ধরণের পণ্য এবং বাজার উন্নয়ন ও বহুমুখীকরণ প্রচেষ্টা অব্যাহত রাখা হয়েছে। দেশের রপ্তানিকারক এবং রপ্তানি সহায়ক প্রতিষ্ঠানের সহযোগিতায় ১৯৭২-১৯৭৩ অর্থ বছরের ২৫টি পণ্য, ৬৮টি বাজারে রপ্তানি করে আয় হয়েছিল ৩৪৮মিঃমাঃডঃ। যা ২০২২-২০২৩ অর্থ বছরে বেড়ে দাঁড়িয়েছে ৮০৬টি পণ্য, ২১০টি বাজার এবং ৫৫,৫৫৮.৭৭ মিঃমাঃডঃ। যা উলি-খিত ভিত্তি বছরের তুলনায় প্রায় ১৬০ গুণ। রপ্তানি উন্নয়ন ব্যুরোর লক্ষ্য দেশকে উদ্বৃত্ত বাণিজ্য অবস্থায় পৌঁছানো। রপ্তানি একটি সমন্বিত প্রয়াস। রপ্তানিকারক ও রপ্তানি সহায়ক প্রতিষ্ঠানে সমন্বয় এবং নীতিগত ও প্রয়োজনীয় সুবিধাদি সৃষ্টির মাধ্যমে এ পর্যন্ত অর্জিত সাফল্য নিশ্চিত করা সম্ভব হয়েছে। ব্যুরোতে কমরত জনবলের নিশ্চিত অবসরের সুবিধা সৃষ্টি সংস্থার এ লক্ষ্য অর্জন-কে ত্বরান্বিত করবে। এ বিবেচনায় জনবলের নিরাপদ অবসর সুবিধা সৃষ্টির উদ্দেশ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরোতে পেনশন ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে।

**২.০০ আর্থিক বিবরণীসমূহ তৈরির ভিত্তিঃ**

**২.০১ পরিমাপের ভিত্তিঃ**

আর্থিক বিবৃতিসমূহ ঐতিহাসিক খরচের ভিত্তিতে তৈরি করা হয়েছে।

**২.০২ হিসাব পদ্ধতিঃ**

রপ্তানি উন্নয়ন ব্যুরো নগদ ভিত্তিক হিসাব রক্ষন পদ্ধতি অনুসরণ করে।

KHAN WAHAB SHAFIQUE RAHMAN & CO. Chartered Accountants



CamScanner

২.০৩ প্রতিবেদনের সময়ঃ

রপ্তানি উন্নয়ন তহবিলের আর্থিক বিবরনীর সময়কাল ১ লা জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত ।

২.০৪ মুদ্রায় উপস্থাপনঃ

আর্থিক বিবরণীসমূহ বাংলাদেশী টাকায় উপস্থাপন করা হয়েছে ।

৩.০০ প্রধান আয়ের খাতসমূহঃ

ক) স্থায়ী আমানতের উপর সুদ

খ) ব্যাংক সুদ।

৩.০১ প্রধান ব্যয়ের খাতসমূহ ঃ

ক) ব্যাংক কমিশন

খ) স্থায়ী আমানতের উপর কর ও শুল্ক

KHAN WAHAB SHAFIQUE RAHMAN & CO. Chartered Accountants

CamScanner

রপ্তানি উন্নয়ন ব্যুরো

পেনশন তহবিল

স্থিতিপত্র ও আয়-ব্যয়ের উপর টীকাসমূহ

১ জুলাই, ২০২১ ইং তারিখ হইতে ৩০ জুন, ২০২২ ইং তারিখ সমাপ্ত বছরের জন্য

| | | পরিমাণ (টাকা) |
|---|---|---|
| | | ৩০.০৬.২০২২ |
| ৩.০০ | বিনিয়োগ এফডিআর ঃ | |
| | প্রারম্ভিক জের (আসল) | ৯৪৬,৬৮১,২৪৬ |
| | যোগঃ আলোচ্য/চলতি বছরের বিনিয়োগ | - |
| | যোগঃ আলোচ্য/চলতি বছরের সুদ | ৪৯,৩২৬,৯৯৩ |
| | | ৯৯৬,০০৮,২৩৯ |
| | বাদঃ আয়কর ও আবগারী শুল্ক | ৪,৪৯৬,৫৭১ |
| | বাদঃ নগদায়ন | ১৩২,০৯৬,৩৫৬ |
| | সমাপনী জের (আসল) | ৮৫৯,৪১৫,৩১২ |

বিস্তারিত সংযোজনী -ক এ দেখানো হলো

| | | |
|---|---|---|
| ৪.০০ | ব্যাংক ব্যালেন্স (প্রাপ্ত ও প্রদান) ঃ | |
| | নিম্নে ব্যাংক বিবরণী অনুযায়ী স্থিতির বিবরণ দেয়া হলোঃ | |
| | সোনালী ব্যাংক এসবি (০১১৭২০০০১৭৫৬৩) | ৫০,৮৬৬,৬০৫ |
| | | ৫০,৮৬৬,৬০৫ |
| | ব্যাংক ব্যালেন্স মিলকরণ যা নিম্নে দেওয়া হলোঃ | |
| | ৩০.০৬.২০২১ ইং তারিখে ক্যাশ বই অনুযায়ী স্থিতি | ৫০,৮৬৬,৬০৫ |
| | ৩০.০৬.২০২১ ইং তারিখে অবমুক্ত চেকসমূহ | - |
| | | ৫০,৮৬৬,৬০৫ |
| | ৩০.০৬.২০২১ ইং তারিখে অবিমুক্ত জমা সমূহ | - |
| | ৩০.০৬.২০২১ ইং তারিখে ব্যাংক বিবরণী অনুযায়ী স্থিতি | ৫০,৮৬৬,৬০৫ |
| ৫.০০ | পেনশন ও আনুতোষিক তহবিলঃ | |
| | প্রারম্ভিক জের | ৯৬৮,৭৮৮,০০৭ |
| | যোগঃ চলতি বছরের প্রাপ্তি | - |
| | (আয় অতিরিক্ত ব্যয়) /ব্যয় অতিরিক্ত আয় | ৪৫,১০৪,৪৫০ |
| | | ১,০১৩,৮৯২,৪৫৭ |
| | বাদঃ | ১০৩,৬১০,৫৩৯ |
| | এককালিন আনুতোষিক | ৮৯,০২৩,৩৭০ |
| | মাসিক পেনশন | ১৪,৫৮৭,১৭০ |
| | সমাপনী জের | ৯১০,২৮১,৯১৭ |

KHAN WAHAB SHAFIQUE RAHMAN & CO. Chartered Accountants



CamScanner